

U.G. 2nd Semester Examination - 2022**BENGALI****[PROGRAM]****Course Code : BBNGCCRT201****Course Title : আধুনিক বাংলা সাহিত্য**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$
- ক) 'নীলদর্পণ' নাটকটি কত সালে প্রকাশিত হয়?
- খ) 'পোস্টমাস্টার' গল্পের পোস্টমাস্টার কোন্ গ্রামের পোস্ট অফিসে কাজ করতেন?
- গ) 'পদ্মিনী উপাখ্যান' কাব্যের মূল উৎস লেখো।
- ঘ) বাঞ্জুরামের পরিচয় দাও।
- ঙ) কলকাতার কোথায় প্রথম 'নীলদর্পণ' নাটকের অভিনয় হয়?
- চ) 'আহা' জন্মি তো না, য্যান সোনার চাঁপা — কে কাকে বলেছে?
- ছ) চন্দরা'র বয়স কত ছিল?
- জ) 'তোমার কিছু ভয় নাই' — কে কাকে আশ্বাস দিয়েছিল?

- ঝ) 'সেই কূলে কালি দিতে উদ্যত যবন' — কার উদ্দেশ্যে এ কথা বলা হয়েছে?
- ঞ) 'ধর্ম্মাবতার, ঐ একজন কুটির প্রধান শত্রু' — কার উক্তি?
- ট) 'ময়রা পিসি যাস্নো!' — কার উক্তি?
- ঠ) 'এ স্থলে প্রবাসীর মনের অভিলাষ ব্যর্থ হইল না' — কোন্ স্থলে ?
- ড) জান সাহেব কী নামে হৌস খুললেন?
- ঢ) বাবুরাম বাবুর কোন্ তালুকে লাভ বেশি হত?
- ণ) 'রাজপাটে পাটরাণী করিব তাহারে' — কার উক্তি?

- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) 'কিন্তু যাইবার সময় আমার স্ত্রীকে একটা প্রবল থাবা মারিয়া গেলেন' — থাবার অর্থ কী? থাবা কে মেরে গেলেন?
- খ) 'চক্রবর্তীও কথাটা যুক্তিসঙ্গত মনে করিলেন' — কোন্ কথা?
- গ) 'নীলদর্পণ' নাটকের প্রথম অঙ্কের প্রথম গর্ভাঙ্কের স্থান উল্লেখ করো।
- ঘ) 'গোপনেতে পরামর্শ করিলেন স্থির' — সেই পরামর্শের পরিচয় দাও।
- ঙ) বাটলার সাহেব-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- চ) 'আমরা হজুর কসাইয়ের কুকুর' — কে কার উদ্দেশ্যে বলেছে?
- ছ) 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে' — কে কাদের প্রতি বলেছেন?

জ) 'আলালের ঘরের দুলাল' কোন্ পত্রিকায় কত সালে
ধারাবাহিকভাবে প্রথম প্রকাশিত হয়?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) 'আলালের ঘরের দুলাল'-কে 'উপন্যাসের পূর্বাভাস' বলা
কতখানি সঙ্গত?

খ) 'একরাত্রি' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

গ) 'নীলদর্পণ'কে যথার্থ ট্রাজেডি বলা যায় কিনা বিচার করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) বীররসাত্মক কাব্য হিসেবে 'পদ্মিনী উপাখ্যান' কতখানি
সার্থক তা আলোচনা করো।

খ) 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা আলোচনা
করো।

গ) 'নীলদর্পণ' নাটকে তোরাপ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

—————